



সব ইউনিয়নে সরকারী বালিকা বিদ্যালয় স্থাপনে সরকার রাজি নয়

সংসদ রিপোর্টার ॥ দেশের সকল ইউনিয়নে সরকারীভাবে একটি করে বালিকা বিদ্যালয় স্থাপনের প্রস্তাবে সরকার রাজি হয়নি। বৃহস্পতিবার জাতীয় সংসদে বেসরকারী সদস্যদের সিদ্ধান্ত প্রস্তাব হিসাবে এ প্রস্তাবটি উত্থাপিত হয়েছিল। শিক্ষামন্ত্রী প্রস্তাবটি মেনে নিতে আপত্তি করায় ও কঠিনভাবে প্রস্তাবটি নাকচ হয়ে যাওয়ার আশঙ্কা থাকায় শেষ পর্যন্ত সংশ্লিষ্ট এমপি প্রস্তাব প্রত্যাহার করে নেন। অপর দু'টি সিদ্ধান্ত প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রীদের আস্থাসের প্রেক্ষিতে প্রত্যাহার করা হয়েছে। সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী, মোহাম্মদ আলী ও শাহজাহান চৌধুরী প্রস্তাবগুলো উত্থাপন করেন। এ আলোচনা শেষে সংসদের বৈঠক শনিবার বিকাল সাড়ে চারটা পর্যন্ত মূলতবি করা হয়।